যুগান্তর

তারিখ ..15 FEB 2016...
পৃষ্ঠা ..২..৩.. কলাম ...২...

# কাপাসিয়ায় এসএসসি পরীক্ষায় ভুল প্রশ্নপত্র বিলি

## দুই শিক্ষক আটক

**কাপাসিয়া প্রতিনিধি**

গাজীপুরের কাপাসিয়ায় চলতি এসএসসি পরীক্ষায় ভুল প্রশ্নপত্র বিতরণের অভিযোগ উঠেছে। রোববার কাপাসিয়া পাইলট কেন্দ্রে পদার্থবিজ্ঞান বিষয়ের পরীক্ষায় পরীক্ষার্থীদের মাঝে এ ভুল প্রশ্ন বিতরণ করায় প্রায় ৩৫ মিনিট অতিরিক্ত সময় পরীক্ষা নেয়া হয়েছে। অপরদিকে অনিয়মের অভিযোগে আড়াল জিএল স্কুল অ্যান্ড কলেজের ২ শিক্ষককে আটক করে থানায় সোপর্দ করা হয়েছে।

জানা যায়, কাপাসিয়া পাইলট উচ্চ বিদ্যালয় কেন্দ্রে ৩০১নং কক্ষে উপজেলার বিভিন্ন বিদ্যালয়ের বিজ্ঞান বিভাগের ৪৪ জন পরীক্ষার্থী পদার্থ বিজ্ঞান বিষয়ে পরীক্ষায় অংশ নেয়। সকাল ১০টায় পরীক্ষা শুরু হলে নতুন পরীক্ষার্থীদের ২০১৪ সালের নৈর্ব্যাত্তিক প্রশ্নপত্র বিলি করা হয়। পরীক্ষার্থীরা তাৎক্ষণিক কর্তব্যরত শিক্ষকদের কাছে অভিযোগ জানালে তারা কেন্দ্র সচিব ফাইজুল উদ্দিন ফকিরকে বিষয়টি জানান। কেন্দ্র সচিব বিষয়টি পাত্তা না দিয়ে শিক্ষকদের ফিরিয়ে দেন। একপর্যায়ে কেন্দ্র সচিব বিভিন্ন চাপের মুখে পরীক্ষা শুরুর ৩৫ মিনিট পর তিনি ওই উত্তরপত্র প্রত্যাহার করে নেন। পরে নতুন উত্তরপত্র দিয়ে পুনরায় পরীক্ষা নেয়া হয় এবং ১টা ৩৫ মিনিটে পরীক্ষা শেষ করা হয়। এ ব্যাপারে কাপাসিয়া পাইলট উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও কেন্দ্র সচিব ফাইজ উদ্দিন ফকির জানান, এটা এমন কোনো অনিয়মই হয়নি।

কাপাসিয়া থানার অফিসার ইনচার্জ মীর রকিবুল হক জানান, ইউএন ও মহোদয়ের আটককৃত দুই শিক্ষককে জিজ্ঞাসাবাদ করে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হবে।

কাপাসিয়া উপজেলা নির্বাহী অফিসার আনিসুর রহমান জানান, অভিযুক্ত দুই শিক্ষক ভবিষ্যতে আর এমন করবে না এমন মুচলেকা নিয়ে ছেড়ে দেয়া হয়েছে।